

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫২৪

পর্ব-৩: পাক-পবিত্রতা (১ ুটা ্টা)

পরিচ্ছেদঃ ৯. তৃতীয় অনুচ্ছেদ - মোজার উপর মাসাহ করা

আরবী

وَعَنِ الْمُغيرَة بِنِ شُعْبَة قَالَ: مَسَحَ رَسُولِ اللَّهِ صِلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى الْخُفَيْنِ فَقُلْتُ: يَا رَسُولَ اللَّهِ نسيت؟ قَالَ: بِل أَنْت نسيت بِهَذَا أَمرنِي رَبِّي عَزَّ وَجَلَّ. رَوَاهُ أَحْمَدُ وَأَبُو دَاوُدَ

বাংলা

৫২৪-[৮] মুগীরাহ্ ইবনু শু'বাহ্ (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম মোজার উপরে মাসাহ করলেন। আমি বললাম, হে আল্লাহর রসূল! আপনি কি (পা ধুতে) ভুলে গেছেন? উত্তরে তিনি (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) বললেন, না, বরং তুমিই ভুল বুঝেছো। এভাবে করার জন্যই আমার রব আমাকে নির্দেশ দিয়েছেন, যিনি মহান ও প্রতাপশালী। (আহমাদ ও আবূ দাউদ)[1]

ফুটনোট

[1] য'ঈফ: আবূ দাউদ ১৫৬, আহমাদ ১৮২/২০। কারণ এর সানাদ বুকায়র ইবনু 'আমির আল্ বাজালী দুর্বল রাবী।

ব্যাখ্যা

ব্যাখ্যা: এ হাদীস থেকেও প্রমাণ হচ্ছে যে, মোজার উপর মাসাহ করা জায়িয। এখানে 'আমর শব্দটি মুস্তাহাবের অর্থে ব্যবহার হয়েছে। হাদীসটি আবূ দাউদে সহীহ সানাদে বর্ণিত হয়েছে। তবে হাফিয ইবনু হাজার সেটা য'ঈফ বলেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি



 ${\color{red} {\it 9}} {\color{blue} Link-https://www.hadithbd.com/hadith/link/?id=55081}$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন